

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৩২.২৫.১৫৪


বিষয়: স্কাইলার্ক এ্যাপারেল লিমিটেড নামক কারখানার অনুকূলে ৭ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-১৬১, তারিখ: ১৮/০২/২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, স্কাইলার্ক এ্যাপারেল লিমিটেড, অফিস ও কারখানাঃ কালিয়াকৈর, বিরুলিয়া, সাভার, ঢাকা নামক কারখানাটি ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি ০০০১২৬৭-২৪, তারিখ: ০১/০৯/২০২৪ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে তাদের অনুকূলে ৭ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজ পত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এড-হক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে তাঁদের অনুকূলে ৭ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি জারীর সুপারিশ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির জন্য বার্ষিক ৪০,০০,০০,০০০/- (চল্লিশ কোটি) টাকা ও ষাণ্মাসিক ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ৭ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আইআরসি জারীর জন্য সুপারিশ করা হলো। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। উপরোক্ত সিদ্ধান্তের আলোকে স্কাইলার্ক এ্যাপারেল লিমিটেড ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান হওয়ায় এবং শিল্প প্রতিষ্ঠানটিকে ৭ম শ্রেণীর আমদানি কারক হিসেবে নিবন্ধন ফিস ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দেয়া সাপেক্ষে শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বার্ষিক ৪০,০০,০০,০০০/- (চল্লিশ কোটি) টাকা ও ষাণ্মাসিক ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকা আমদানি স্বত্ব নির্ধারণ করে ৭ম শ্রেণীর ১ম এড-হক শিল্প আই আর সি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



০২-০৩-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.১৮.০০৩২.২৫.১৫৪/১ (৬)

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। স্কাইলার্ক এ্যাপারেল লিমিটেড, অফিস ও কারখানাঃ কালিয়াকৈর, বিরুলিয়া, সাভার, ঢাকা।
- ৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।



০২-০৩-২০২৫
মোহাম্মদ মানিক খান
সহকারী পরিচালক